



# বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

## BANGLADESH NGO FOUNDATION

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/প্রিন্টিং/৫৭/১৬/২ ৮৫

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৪ বাং  
১৮ মে ২০১৭ খ্রিঃ

### কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন হতে প্রতি তিন মাস অন্তর ত্রৈ-মাসিক বিএনএফ বার্তা প্রকাশ করা হবে। ত্রৈ-মাসিক বিএনএফ বার্তা মুদ্রণ করে এ ফাউন্ডেশনে সরবরাহের লক্ষ্যে মুদ্রণে অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত ছাপাখানা মালিকদের নিকট হতে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীলসহ নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী (বিএনএফ হতে নমুনা সরবরাহ করা হবে) কোটেশন আহবান করা যাচ্ছেঃ

| কাজের বিবরণ                     | স্পেসিফিকেশন (Specification)  | পরিমাণ                   |
|---------------------------------|---|--------------------------|
| ১। বিএনএফ বার্তা ছাপানো (বাংলা) | ক) আকারঃ ১০.৯০" X ৮.৬০"<br>খ) পৃষ্ঠাঃ ১২ পৃষ্ঠা<br>গ) কাগজঃ ১২০ জিএসএম আর্ট কাগজ গ্লুসি<br>ঘ) রঃ চার<br>ঙ) ডিজাইনঃ ছাপাখানা প্রতিষ্ঠানকে ডিজাইন করতে হবে। | ২,৫০০ (দুই হাজার পাঁচশত) |

### শর্তাবলীঃ

- আগামী ৩১ মে ২০১৭ তারিখ অপরাহ্ন ২:০০ ঘটিকার পূর্বে ফাউন্ডেশনের টেন্ডার বক্সে কোটেশন দাখিল করতে হবে এবং কোটেশনসমূহ একই স্থানে অপরাহ্ন ২:৩০ ঘটিকায় আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- কোটেশনের সাথে কোটেশন দাখিলকারী প্রতিষ্ঠানের নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN Certificate, VAT Registration Number সংক্রান্ত দালিলিক প্রমাণাদি/সনদ এবং বিএনএফ বার্তার কাগজ (১২০ জিএসএম আর্ট কাগজ গ্লুসি) নমুনা হিসেবে দাখিল করতে হবে।
- প্রতি তিন মাস অন্তর একটি সংখ্যা করে এক বছরে চারবার বিএনএফ বার্তা ছাপানোর জন্য আর কোন কোটেশন আহবান করা হবে না। প্রথমবার দাখিলকৃত কোটেশনে উদ্ধৃত মূল্যে এক বছরে চারটি সংখ্যা বিএনএফ বার্তা ছাপাতে হবে।
- যে প্রতিষ্ঠানের কোটেশন গৃহীত হবে সে প্রতিষ্ঠানকে সরবরাহকৃত নমুনা অনুযায়ী বিএনএফ বার্তা মুদ্রণ করে ফাউন্ডেশনে সরবরাহ করতে হবে এবং চূড়ান্ত প্রিন্টিং-এর পূর্বে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। কার্যাদেশ মোতাবেক বিএনএফ বার্তা মুদ্রণ করে সরবরাহ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কার্যাদেশ বাতিল অথবা বিল থেকে জরিমানা আকারে কর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।
- বিল দাখিল করার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং ভ্যাট, উৎস কর ও অন্যান্য কর কর্তন সম্পর্কিত সরকারের বিদ্যমান বিধি বিধান প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, মুসক ১১(ক) চালানপত্র দাখিলের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদিত দলিলাদি দাখিল করতে হবে।
- প্রথম সংখ্যা বিএনএফ বার্তা ছাপানো মোট প্রদেয় বিলের ১০% এর সমপরিমাণ অর্থ সিকিউরিটি হিসেবে কর্তন করা হবে। কর্তিত বিল পরের সংখ্যা ছাপানোর বিলের সাথে পরিশোধ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ সাঈদুল আলম

সদস্য-সচিব, দরপত্র/কোটেশন কমিটি

ও নির্বাহী অফিসার (প্রশাসন)

ফোনঃ ৯৮৮০২৩০/১০৮

### বিতরণঃ

- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন নোটিশ বোর্ড/ওয়েবসাইট।
- বিভিন্ন ছাপাখানা প্রতিষ্ঠান।